77	Sylhet-1	1732	1477876	1990	8191	6655	1389	8044	45	35	80	431655	431655	100	2345	2345	100	65	331268	84392198	77	10491
78	Sylhet-2	1813	740641	1999	4684	5008	155	5163	25	15	40	220685	220685	100	1214	1214	100	46	1411990	15700434	640	3041
79	Tangail	2024	2362229	1981	9767	11266	621	11889	50	71	121	600585	600585	100	1624	1624	100	83	486103	70116124	81	5898
80	Thakurgoan	3198	2386413	1986	13132	13938	880	14818	50	30	80	628433	628433	100	1963	1963	100	97	319490	37893825	51	2557
	Total =	126235	110457274		509215	537079	24989	587074	3100	6900	10000	35548899	35503540	100%	84858	84858	100%	4585	24277873	4427039582	68%	7541


Year wise Consumer Connection Cumulative (1981-2024)




Year Wise Percent of Bill Collection (1993-2024)




Statistics of Village Electrification Cumulative (1993-2024)




Year Wise Small Commercial Connection Cumulative (1986-2024)



Year Wise Industrial Connection Cumulative (1984-2024)



Year Wise Construction of 33/11KV Sub-Station Cumulative (1981-2023)



System Loss Reduction Initiatives in RE Program

Continuous and steady reduction of system loss is one of the most important objectives of RE program in Bangladesh. Over the years, BREB has been making attempts at find out new ways forwards specific development in this aspect. In consideration to consumer pattern and prevalent consumer attitudes and overall socio-economic and geographical conditions of the country, the measures and technological applications so far applied to have positive and far-reaching effects on the system management both technically and economically.

The cause of increasing system loss given below:

1. Low voltage in 33kv source line/ Grid bus-bar.
2. Overloaded Feeders & transformers.
3. Voltage drop due to long 33kv and 11kv line.
4. Voltage drops in LT (0.24/0.4kv) line.
5. Right of way.
6. Meter tempering and bypass.
7. System neutral theft and high ground/earth resistance.
8. Un-balance loading.
9. Loose connection.
10. Illegal connection (Hooking).
11. Analog meters.
12. Inadequate size of conductor.
13. Inductive appliances.
14. Feeders coupling.
15. Twisted connection in distribution line.

Actions for system loss reduction:

1. Pre-Payment meter installation.
2. Identification the feeders with high loss and acting accordingly.
3. Construction of new sub-stations and feeders to share the load.
4. Phase load balancing.
5. Ring distribution.
6. Bifurcation of extra load to light loaded feeders or new feeders.
7. Replacement of existing conductors by higher rated conductors.
8. Conversion of LT lines to HT lines.
9. Strengthening the system earthing and reducing the ground resistance.
10. Right of way clearances to all distribution lines and periodic inspection to maintain.
11. Regular meter checking.
12. Sectionalizing study and its implementation.
13. Replacement of existing overloads distribution transformers by appropriate size of transformers.
14. Proper planning, design and implementation of standard distribution system for the PBSs.
15. Identifying the load centers and construction of new sub-stations.
16. Using proper size of service drop.
17. Improvement of power factor and load factor.

Success Behind RE Program in Bangladesh

Studies and observation carried out by the government and the donor countries/agencies about the salient characteristics that contributed to the success of the Rural Electrification Program in Bangladesh includes;

- ✎ The foundation of the program is embedded in a strong central semi-government apex body (BREB) that was established by a very comprehensive Ordinance, and act 2013 to foster Rural Electrification in Bangladesh and taking measures for effective use of electrical power for development of the rural economy of the country.
- ✎ The program is based on comprehensive feasibility study and development of the thorough Master plan to guide it;
- ✎ The program is developed based on a strong instruction with professionalism and high degree of commitment of the system.
- ✎ Conscious decision made at the very initial stage of program implementation to keep the program free from nepotism and undue pressure;
- ✎ Engineering and construction standards have been developed and are meticulously followed for development of the system;
- ✎ All materials and equipment used in the program have approved standard specification;
- ✎ Purposive and meaningful monitoring system is devised for developing and monitoring the PBS operational and management activities;
- ✎ Participation of the local people through co-operative concept – elected Board of Directors, ownership & accountability;
- ✎ The decision taken by BREB and the PBSs are in accordance with approved Policies and Procedures;
- ✎ Concept of revenue requirements is used for new line construction and/or extensions to promote viability of PBS system;
- ✎ The PBSs are responsible for the day-to-day operations while BREB monitors PBS performance;
- ✎ Consistent monitoring of PBS operational activities (e.g. performance Target Agreement, Management Audit etc.) serves as check and balances for PBSs;
- ✎ Staffing of the PBSs is dependent on its system growth;
- ✎ Strong emphasis on controlling System Losses, Bill Collection & Accounts Receivable;
- ✎ Power use program in PBSs to promote use of electricity for productive purposes and augmenting steady load growth;
- ✎ Continuous Training & Development of personnel associated with RE system;
- ✎ Management Audit of the PBSs are undertaken bi-annually to review PBS Management, Engineering, Finance & Consumer relations;
- ✎ BREB negotiates Performance Target Agreement with each PBS-PBS Staff receives bonus or incurs penalties based on PTA results;
- ✎ PBS development and operational activities are non-political- supported by all parties;
- ✎ Overall success of RE Program reflects long-term commitment by US Agency for International Development with its ongoing support and the association of a single Consultant (NRECA) since the inception of the program;
- ✎ Motivational activities through consumer awareness program
- ✎ A professional Retainer Consultant works as consultant to maintain standard line design & system study;

Tariff Rate

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর ৪৩ আইন/২০২৪।—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, মূল্যহার সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডে এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের খুচরা মূল্যহার এবং বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার জন্য চার্জ/ফি নিম্ন সারণি ও নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, পুনঃনির্ধারণ করিল, যথা:—

সারণি-১

বিদ্যুতের খুচরা মূল্যহার

ক. নিম্নচাপ (এলটি): ২৩০/৪০০ ভোল্ট

বিদ্যুৎ সরবরাহ : নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং ৩ ফেজ ৪০০ ভোল্ট
ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড
অনুমোদিত লোড : সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি. ও. এবং ৩ ফেজ ০-৮০ কি. ও.।

(১৯১৩)

মূল্য : টাকা ২০.০০

গ্রাহক শ্রেণি		এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.)	ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.ঘ./মাস)	
(১)		(২)	(৩)	
১।	এলটি-এ: আবাসিক		৪২.০০	
	লাইফ লাইন :	০-৫০ ইউনিট		৪.৬৩ ^০
	প্রথম ধাপ :	০-৭৫ ইউনিট		৫.২৬
	দ্বিতীয় ধাপ :	৭৬-২০০ ইউনিট		৭.২০
	তৃতীয় ধাপ :	২০১-৩০০ ইউনিট		৭.৫৯
	চতুর্থ ধাপ :	৩০১-৪০০ ইউনিট		৮.০২
	পঞ্চম ধাপ :	৪০১-৬০০ ইউনিট		১২.৬৭
	ষষ্ঠ ধাপ :	৬০০ ইউনিটের ঊর্ধ্বে		১৪.৬১
২।	এলটি-বি: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প		৪২.০০	
৩।	এলটি-সি ১: ক্ষুদ্র শিল্প		৪৮.০০	
	ফ্ল্যাট			১০.৭৬
	অফ-পীক			৯.৬৮
	পীক			১২.৯৫
৪।	এলটি-সি ২: নির্মাণ		১২০.০০	
৫।	এলটি-ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল		৬০.০০	
৬।	এলটি-ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প		৯০.০০	
৭।	এলটি-ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন		৯০.০০	
	ফ্ল্যাট			৯.৬২
	অফ-পীক ^৩			৮.৬৬
	সুপার অফ-পীক ^৪			৭.৬৮
	পীক ^৫			১২.১৪
৮।	এলটি-ই: বাণিজ্যিক ও অফিস		৯০.০০	
	ফ্ল্যাট			১৩.০১
	অফ-পীক			১১.৭১
	পীক			১৫.৬২
৯।	এলটি-টি: অস্থায়ী		১২০.০০	

খ. মধ্যমচাপ (এমটি): ১১ কেভি

বিদ্যুৎ সরবরাহ : মধ্যমচাপ এসি ১১ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ৫০ কি. ও. এর অব্যবহিত উর্ধ্ব হইতে অনুর্ধ্ব ৫ মে. ও.

গ্রাহক শ্রেণি		এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.)	ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও. ২/মাস)
(১)		(২)	(৩)
১।	এমটি-১: আবাসিক		৯০.০০
	ফ্ল্যাট	১০.৫৫	
	অফ-পীক	৯.৫০	
	পীক	১৩.২৯	
২।	এমটি-২: বাণিজ্যিক ও অফিস		৯০.০০
	ফ্ল্যাট	১১.৬৩	
	অফ-পীক	১০.৪৮	
	পীক	১৪.৫৭	
৩।	এমটি-৩: শিল্প		৯০.০০
	ফ্ল্যাট	১০.৮৮	
	অফ-পীক	৯.৭৫	
	পীক	১৩.৬২	
৪।	এমটি-৪: নির্মাণ		১২০.০০
	ফ্ল্যাট	১৪.৩৮	
	অফ-পীক	১২.৯৯	
	পীক	১৮.০৬	
৫।	এমটি-৫: সাধারণ		৯০.০০
	ফ্ল্যাট	১০.৬১	
	অফ-পীক	৯.৫৬	
	পীক	১৩.৪২	

	(১)	(২)	(৩)
৬।	এমটি-৬: অস্থায়ী	১৯.০২	১২০.০০
৭।	এমটি-৭: ব্যাটারি চার্জিং স্টেশন		৯০.০০
	ফ্ল্যাট	৯.৫৯	
	অফ-পীক ^৪	৮.৬৩	
	সুপার অফ-পীক ^৫	৭.৭১	
	পীক ^৬	১২.১৪	
৮।	এমটি-৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প		৯০.০০
	ফ্ল্যাট	৬.৪২	
	অফ-পীক	৫.৭৭	
	পীক	৮.০৬	

গ. উচ্চচাপ (এইচটি): ৩৩ কেভি

বিদ্যুৎ সরবরাহ : উচ্চচাপ এসি ৩৩ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ৫ মে. ও. এর অব্যবহিত উর্ধ্ব হইতে অনূর্ধ্ব ৩০ মে. ও.
(২০ মে. ও. এর উর্ধ্ব অবশ্যই ডাবল সার্কিট)

	গ্রাহক শ্রেণি	এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.)	ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.২/মাস)
	(১)	(২)	(৩)
১।	এইচটি-১: সাধারণ		৯০.০০
	ফ্ল্যাট	১০.৬১	
	অফ-পীক	৯.৫৮	
	পীক	১৩.৩২	
২।	এইচটি-২: বাণিজ্যিক ও অফিস		৯০.০০
	ফ্ল্যাট	১১.৩৯	
	অফ-পীক	১০.২৬	
	পীক	১৪.৪০	

	(১)	(২)	(৩)
৩।	এইচটি-৩: শিল্প		৯০.০০
	ফ্ল্যাট	১০.৭৫	
	অফ-পীক	৯.৬৯	
	পীক	১৩.৪৭	
৪।	এইচটি-৪: নির্মাণ		৯০.০০
	ফ্ল্যাট	১৩.৩৭	
	অফ-পীক	১২.১০	
	পীক	১৬.৮৯	

ঘ. অতি উচ্চচাপ (ইএইচটি): ১৩২ কেভি এবং ২৩০ কেভি

বিদ্যুৎ সরবরাহ : অতি উচ্চচাপ এসি ১৩২ কেভি এবং ২৩০ কেভি

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : ইএইচটি-১ : ২০ মে. ও. হইতে অনূর্ধ্ব ১৪০ মে. ও.

(কারিগরি বিবেচনায় সিঙ্গেল অথবা ডাবল সার্কিট)

ইএইচটি-২ : ১৪০ মে. ও. এর উর্ধ্ব

	গ্রাহক শ্রেণি	এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.)	ডিমান্ড রেট/চার্জ (টাকা/কি. ও.২/মাস)
	(১)	(২)	(৩)
১।	ইএইচটি-১: সাধারণ		৯০.০০
	ফ্ল্যাট	১০.৬৬	
	অফ-পীক	৯.৬১	
	পীক	১৩.৪৫	
২।	ইএইচটি-২: সাধারণ		৯০.০০
	ফ্ল্যাট	১০.৬১	
	অফ-পীক	৯.৫৪	
	পীক	১৩.৩৩	

১ নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কি.ও. অনুমোদিত লোড পর্যন্ত নিম্নচাপ (এলটি) গ্রাহক হিসাবে বিবেচিত হইবে। প্রয়োজন অনুসারে ৫০ কি.ও. হইতে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক নিম্নচাপ (এলটি) অথবা মধ্যমচাপ (এমটি) গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইতে পারিবে। তবে ৫০ কি.ও. হইতে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাহাদের বর্তমান গ্রাহক শ্রেণি (অনুমোদিত লোড ৫০ কি.ও. পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কি.ও. এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কি.ও. পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকিবে।

২ ডিম্যান্ড চার্জ নিরূপণের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে ডিম্যান্ড (কি.ও.) বিবেচনায় নিতে হইবে, যথা:—

(ক) সকল এলটি এবং এমটি গ্রাহকের ক্ষেত্রে অনুমোদিত লোড (কি.ও.) প্রযোজ্য হইবে; এবং

(খ) সকল এইচটি এবং এইচটি গ্রাহকের ক্ষেত্রে রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা (কি.ও.) অথবা অনুমোদিত লোডের (কি.ও.) ৮০% এর মধ্যে যাহা সর্বোচ্চ তাহা প্রযোজ্য হইবে।

৩ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর যে সকল পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) এর লাইফ-লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের এনার্জি রেট/চার্জ ৪.৬৩ টাকা/কি.ও.ঘ. এর উর্ধ্ব সে সকল পবিস এর বিদ্যমান এনার্জি রেট/চার্জ অপরিবর্তিত থাকিবে। লাইফ লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের মূল্যহারের সুবিধা আবাসিক গ্রাহক শ্রেণির অন্য কোনো গ্রাহক পাইবেন না।

৪ প্রযোজ্য সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে রাত ১১:০০ টা হইতে পরদিন বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসাবে গণ্য হইবে। তবে কেবল এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহক শ্রেণির ক্ষেত্রে রাত ১১:০০ টা হইতে পরদিন সকাল ৫:০০ টা পর্যন্ত এবং সকাল ৯:০০ টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসাবে গণ্য হইবে।

৫ এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সকাল ৫:০০-৯:০০ টা পর্যন্ত সময় সুপার অফ-পীক হিসাবে গণ্য হইবে।

৬ প্রযোজ্য সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে বিকাল ৫:০০ টা হইতে রাত ১১:০০ টা পর্যন্ত সময় পীক হিসাবে গণ্য হইবে।

৭ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড এর আওতাধীন এমটি-৫ গ্রাহক শ্রেণির মধ্যে যাহাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন-ডরমিটরিসহ সেনানিবাস বা বিশ্ববিদ্যালয়-সে সব ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ২০% এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ (১০.৬১ টাকা/কি.ও.ঘ.), ৭২% এলটি-এ এর তৃতীয় ধাপ এবং চতুর্থ ধাপের গড় এনার্জি রেট/চার্জ (৭.৮১ টাকা/কি.ও.ঘ.) এবং ৮% এলটি-এ এর ষষ্ঠ ধাপের এনার্জি রেট/চার্জ (১৪.৬১ টাকা/কি.ও.ঘ.) অনুসারে বিল করিতে হইবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ বিদ্যুৎ পূর্বের নিয়মের ধারাবাহিকতায় এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ অনুসারে বিল করিতে হইবে।

শর্তাবলি:

(১) বিলম্ব-পরিশোধ মাশুল:

সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব পরিশোধ মাশুল প্রযোজ্য হইবে এবং বিলম্ব-পরিশোধ মাশুলের উপর পুনরায় কোনো মাশুল প্রযোজ্য হইবে না।

(২) মূল্য সংযোজন কর:

বিদ্যুৎ বিলের ওপর সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হইবে;

(৩) পাওয়ার ফ্যাক্টর সারচার্জ:

(ক) অনুমোদিত লোড ২০ কিলোওয়াট (কি.ও.) এর উর্ধ্বের সকল নিম্নচাপ (এলটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা উহার উর্ধ্ব রাখিতে হইবে;

(খ) সকল মধ্যমচাপ (এমটি), উচ্চচাপ (এইচটি) এবং অতি উচ্চচাপ (ইএইচটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা উহার উর্ধ্ব রাখিতে হইবে;

(গ) দফা (ক) এবং (খ) এ বর্ণিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হইলে নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ এর অব্যবহিত নিম্ন হইতে মাসিক গড় পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫% (শূন্য দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

(ঘ) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৭৫ এর নিচে নামিয়া গেলে প্রতি বিল মাসে গ্রাহককে লিখিতভাবে অবহিত করিতে হইবে। পর পর ৩ (তিন) বিল মাস সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নিচে নামিয়া গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহককে ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হইবে; এবং

(ঙ) দফা (ঘ) এ উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ যথাযথ শুদ্ধকরণ সরঞ্জাম (পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্ল্যান্ট) স্থাপন এবং প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে পুনর্বহাল করা যাইবে;

(৪) নিরাপত্তা জামানত:

- (ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিম্ন সারণিতে বর্ণিত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হইবে, যথা:—

সারণি

গ্রাহক শ্রেণি		জামানতের হার (টাকা/কি.ও.)
১।	এলটি-এ এবং এলটি-বি	৪৮০.০০ (২ কি.ও. পর্যন্ত)
		৭২০.০০ (২ কি.ও. এর উর্ধ্বে)
২।	এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ডি ৩, এলটি-ই এবং এলটি-টি	৯৬০.০০
৩।	এমটি, এইচটি এবং ইএইচটি	১২০০.০০

- (খ) পি-পেইড মিটারের মাধ্যমে নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে অথবা বিদ্যমান পি-পেইড গ্রাহকদের লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত লোড/অতিরিক্ত অনুমোদিত লোডের বিপরীতে নিরাপত্তা জামানত প্রযোজ্য হইবে না;
- (গ) পি-পেইড মিটার দ্বারা বিদ্যমান মিটার প্রতিস্থাপন করা হইলে গ্রাহকের পূর্বের নিরাপত্তা জামানত বিতরণ সংস্থা বা কোম্পানি গ্রাহককে ফেরত প্রদান নিশ্চিত করিবে; এবং
- (ঘ) দফা (ক) এর সারণিতে উল্লিখিত নিরাপত্তা জামানত ব্যতীত অন্য কোনো নিরাপত্তা জামানত আরোপ করা যাইবে না;

(৫) অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন:

- (ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হইতে তাহার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হইলে অনুমোদিত লোডের অতিরিক্ত লোডের জন্য দ্বিগুণ হারে ডিমাল্ড রেট/চার্জ প্রযোজ্য হইবে;
- (খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ৩ (তিন) মাস অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) অতিক্রম করিলে অতিরিক্ত লোড অনুমোদন করাইবার জন্য গ্রাহককে নোটিশ প্রদান করিতে হইবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) এর বেশি হইলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হইবে;

- (গ) কোনো গ্রাহক তাহার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মানুযায়ী তাহার স্থাপনার অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের (বৃদ্ধি বা হ্রাস) জন্য বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানি গ্রাহকের আবেদন গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিয়মানুযায়ী গ্রাহকের অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করিবে; এবং
- (ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন করা যাইবে না;
- (৬) গ্রাহকের অনুরোধে সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এবং কৃষি ভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহকের বিলিং পদ্ধতি এবং সংযোগ বিচ্ছিন্নকরণ:
- (ক) এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুমের পর এবং এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণির অন্তর্ভুক্ত কৃষি ভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুমের পর কিংবা অন্য কোনো কারণে (গ্রাহকের ইচ্ছানুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন রাখিতে পারিবে; এবং
- (খ) উপরের অনুষ্টেদ ৬ (ক) এ বর্ণিত গ্রাহকের পুনরায় সংযোগ গ্রহণের ক্ষেত্রে পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হইবে। তবে সংযোগ বিচ্ছিন্নকালীন ডিম্যান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হইবে না;
- (৭) ব্যাটারি চার্জিং স্টেশনের গ্রাহকের বিলিং:
- এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি—ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং এমটি—৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক আজিানা ব্যতীত অন্যান্য স্থাপনায় ব্যাটারি চার্জিং করা হইলে ব্যবহৃত বিদ্যুৎ সংশ্লিষ্ট স্থাপনার শ্রেণিতে ব্যবহৃত হইয়াছে মর্মে গণ্য হইবে;
- (৮) মিটার ভাড়া:
- (ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির অর্থে স্থাপিত মিটারের ক্ষেত্রে মিটার ভাড়া সংক্রান্ত প্রচলিত নিয়ম অব্যাহত থাকিবে;
- (খ) নূতন সংযোগের ক্ষেত্রে যেসকল গ্রাহক বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির মিটার ও মিটার স্থাপনের যাবতীয় খরচ এককালীন বহন করিতে আগ্রহী অথবা যেসকল গ্রাহক নিজে মানসম্মত মিটার সরবরাহ করিবে তাহাদের নিকট হইতে মিটার ভাড়া নেওয়া যাইবে না;

(৯) প্রি-পেইড মিটার:

- (ক) প্রি-পেইড মিটার গ্রাহকগণ বিদ্যমান নিয়মানুসারে মূল্য সংযোজন কর ব্যতীত নীট বিলের ওপর ০.৫% (শূন্য দশমিক পাঁচ শতাংশ) হারে রিবেট প্রাপ্ত হইবেন;
- (খ) ইমার্জেন্সি ব্যালান্সের ক্ষেত্রে সুদ প্রযোজ্য হইবে না;
- (গ) কোনো কারণে প্রি-পেইড মিটার লক হইয়া গেলে, গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি মিটার আনলকের ব্যবস্থা গ্রহণ করিবে। কারিগরি ত্রুটির কারণে প্রি-পেইড মিটার লক হইলে কোনো চার্জ/ফি প্রযোজ্য হইবে না;
- (ঘ) সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ভোল্টেজ/রিচার্জ স্টেশন বা ব্যাংক হইতে গ্রাহক কোনো চার্জ/ফি প্রদান ব্যতিরেকে প্রি-পেইড মিটারে ভোল্টেজ/রিচার্জ করিবে;
- (ঙ) গ্রাহক কর্তৃক বিল প্রদান সহজতর করিবার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি পর্যাপ্ত সংখ্যক ভোল্টেজ/রিচার্জ স্টেশন এবং ব্যাংক ও ব্যাংকের শাখার মাধ্যমে প্রি-পেইড মিটারে ভোল্টেজ/রিচার্জ করিবার কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে; এবং
- (চ) প্রি-পেইড মিটারের বিষয়ে গ্রাহকদের সঠিক ধারণার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি তথ্য সমৃদ্ধ যেমন: প্রি-পেইড মিটার সম্পর্কিত প্রাথমিক ধারণা, বিলিং পদ্ধতি, ভোল্টেজ/রিচার্জ সংক্রান্ত নিয়ম-কানুন ইত্যাদি একটি সহায়ক নির্দেশিকা (Instruction Manual) বিদ্যমান ও নূতন প্রি-পেইড মিটার গ্রাহককে প্রদান করিবে।

ব্যাখ্যা-১।—এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে—

(ক) এলটি-সি ২: নির্মাণ

- (অ) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এলটি-সি ২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং
- (আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

(খ) এলটি-ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতালের বিদ্যুৎ ব্যবহার এলটি-ডি ১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(গ) এলটি-ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল রাস্তার বাতি এবং খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত সকল পানির পাম্প/নলকূপ, গ্রামীণ এলাকায় আর্সেনিক মুক্ত পানি সরবরাহের জন্য জনস্বার্থে স্থাপিত সকল খাবার পানির পাম্প এবং জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প এলটি-ডি ২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) এলটি-ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এলটি-ডি ৩ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) এলটি-টি: অস্থায়ী

(অ) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এলটি-টি গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) সাধারণভাবে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হইবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এলটি-টি গ্রাহক শ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ১ (এক) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাইবে;

(চ) এমটি-১: আবাসিক

(অ) ৮০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনা এবং সমিতি পরিচালিত বহুতল সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনার সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এমটি-১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

- (আ) সাধারণভাবে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে এমটি-১ গ্রাহক শ্রেণির মিটারিং/বিলিং হইবে। তবে একক মিটার ভিত্তিক ব্যবস্থাও বহাল থাকিবে। উভয় ক্ষেত্রেই ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকিবে এবং সেখানে সমুদয় এনার্জি রেকর্ড হইবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তাহার নিজের উপকেন্দ্র স্থাপন করিবেন;
- (ই) মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং এর ক্ষেত্রে প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকিবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটার সমূহের বিল করা হইবে;
- (ঈ) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হইতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়া প্রাপ্ত অবশিষ্ট ইউনিট কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হইবে এবং এমটি-১ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার, শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী কমন সার্ভিস ব্যবহারের বিল করা হইবে। কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকিতে হইবে; এবং
- (উ) গ্রাহকের অনুরোধে একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটার ভিত্তিক মিটারিং/বিলিং ব্যবস্থায় রূপান্তর করা যাইবে;

(ছ) এমটি-২: বাণিজ্যিক

- (অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এমটি-২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

- (আ) ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকিবে এবং সেখানে সমুদয় এনার্জি রেকর্ড হইবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তাহার নিজের উপকেন্দ্র স্থাপন করিবে;
- (ই) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনা ব্যতীত অন্য সকল গ্রাহকের ক্ষেত্রে একক পয়েন্ট মিটারিং ব্যবস্থায় বিল করা হইবে;
- (ঈ) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার ক্ষেত্রে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে বিলিং হইবে। প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকিবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহক শ্রেণির মূল্যহার (প্ল্যাব সুবিধাসহ), শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হইবে;
- (উ) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হইতে আবাসিক সাব-মিটার সমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়া অবশিষ্ট ইউনিট বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হইবে এবং এক্ষেত্রে এমটি-২ (বাণিজ্যিক ও অফিস) গ্রাহক শ্রেণির মূল্যহার, শর্তাবলি (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদি সহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী বিল করা হইবে। বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকিতে হইবে;
- (ঊ) যে সকল বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনায় বর্তমানে একক মিটারিং ব্যবস্থা প্রচলিত রহিয়াছে, সেইগুলোর ক্ষেত্রে গ্রাহক ইচ্ছা পোষণ করিলে স্বীয় ব্যয়ে মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তর করিতে পারিবেন; এবং
- (ঋ) একক মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তরের পূর্ব পর্যন্ত একক মিটার ভিত্তিক বিলিং ব্যবস্থা বহাল থাকিবে;

(জ) এমটি-৪: নির্মাণ

- (অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এমটি-৪ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং
- (আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রয়োজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

(ঝ) এমটি-৫: সাধারণ

এমটি-১ (আবাসিক), এমটি-২ (বাণিজ্যিক ও অফিস), এমটি-৩ (শিল্প), এমটি-৪ (নির্মাণ), এমটি-৬ (অস্থায়ী), এমটি-৭ (ব্যাটারি চার্জিং স্টেশন) এবং এমটি-৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত গ্রাহক ব্যতীত কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটার ভিত্তিক অন্যান্য মধ্যমচাপ গ্রাহক যেমন: সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল, ক্যান্টনমেন্ট, পাবলিক লাইব্রেরি, জাদুঘর, খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত পানির পাম্প, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প, রেলওয়ে, মেট্রোরেল, বিমানবন্দর, ইত্যাদি এমটি-৫ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ঞ) এমটি-৬: অস্থায়ী

- (অ) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এমটি-৬ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং
- (আ) সাধারণভাবে সর্বোচ্চ ৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হইবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এমটি-৬ গ্রাহক শ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ১ (এক) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাইবে;

(ট) এমটি-৭: ব্যাটারি চার্জিং স্টেশন

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত মধ্যমচাপে অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এমটি-৭ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ঠ) এমটি-৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এমটি-৮ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ড) এইচটি-১: সাধারণ

এইচটি-২ (বাণিজ্যিক ও অফিস), এইচটি-৩ (শিল্প) এবং এইচটি-৪ (নির্মাণ) গ্রাহক শ্রেণির আওতাধীন বাণিজ্যিক ও অফিস, শিল্প এবং নির্মাণ স্থাপনা/গ্রাহক ব্যতীত ৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটার ভিত্তিক অন্যান্য সকল গ্রাহক এইচটি-১ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) এইচটি-২: বাণিজ্যিক ও অফিস

৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এইচটি-২ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে;

(ণ) এইচটি-৪: নির্মাণ

(অ) ৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব হইতে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রিজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এইচটি-৪ গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইবে; এবং

(আ) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ, প্রয়োজ্য ক্ষেত্রে, যথাযথ গ্রাহক শ্রেণিতে রূপান্তর করা হইবে;

ব্যাখ্যা-২

- (ক) নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কিলোওয়াট অনুমোদিত লোড পর্যন্ত (এলটি) গ্রাহক হিসাবে বিবেচিত হইবে। প্রয়োজন অনুসারে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের নূতন গ্রাহক, এলটি অথবা এমটি গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত হইতে পারিবে। তবে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাহাদের বর্তমান গ্রাহক শ্রেণি (অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব হইতে ৮০ কিলোওয়াট পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকিবে; এবং
- (খ) যে সকল গ্রাহকের বিল এই প্রজ্ঞাপন জারির পূর্বে উপরে বর্ণিত নির্ধারিত গ্রাহক শ্রেণি ব্যতীত ভিন্ন কোনো গ্রাহক শ্রেণিতে বিল করা হইতেছে সে সকল গ্রাহক বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসাবে রূপান্তর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এজন্য কোনো চার্জ/ফি প্রযোজ্য হইবে না।

সারণি-২

বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার জন্য ফি/চার্জ

বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ		গ্রাহক শ্রেণি/প্রযোজ্যতা		ফি/চার্জ (টাকা)
(১)		(২)		(৩)
১। নূতন সংযোগ এবং লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য)	এলটি	(১) এক ফেজ	১২০.০০	
		(২) তিন ফেজ	৩৬০.০০	
	এমটি ও এইচটি		১২০০.০০	
	ইএইচটি		২৪০০.০০	
২। অস্থায়ী সংযোগের আবেদন ফি	এলটি	(১) এক ফেজ	৩০০.০০	
		(২) তিন ফেজ	৬০০.০০	
	এমটি		১২০০.০০	
৩। (ক) বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ	এলটি	(১) এক ফেজ	৩৬০.০০	
		(২) তিন ফেজ	৯৬০.০০	
	এমটি ও এইচটি		৬০০০.০০	
	ইএইচটি		১২০০০.০০	
	(খ) বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC)	এলটি	(১) এক ফেজ	৩৬০.০০
			(২) তিন ফেজ	৯৬০.০০
এমটি ও এইচটি		৬০০০.০০		
ইএইচটি		১২০০০.০০		
৪। (ক) গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ	এলটি	(১) এক ফেজ	২৪০.০০	
		(২) তিন ফেজ	৪৮০.০০	
	এমটি ও এইচটি		১২০০.০০	
	ইএইচটি		২৪০০.০০	
	(খ) গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC)	এলটি	(১) এক ফেজ	২৪০.০০
			(২) তিন ফেজ	৪৮০.০০
		এমটি ও এইচটি		১২০০.০০
		ইএইচটি		২৪০০.০০

(১)		(২)		(৩)
৫।	গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ	এলটি	(১) এক ফেজ	২৪০.০০
			(২) তিন ফেজ	৪৮০.০০
			(৩) এলটিসিটি	৭২০.০০
		এমটি ও এইচটি		২৪০০.০০
		ইএইচটি		৪৮০০.০০
৬।	গ্রাহকের অনুরোধে গ্রাহক আঞ্জিনায় মিটার পরিদর্শন চার্জ	এলটি	(১) এক ফেজ	১৮০.০০
			(২) তিন ফেজ	৩৬০.০০
			(৩) এলটিসিটি	৬০০.০০
		এমটি ও এইচটি		১২০০.০০
		ইএইচটি		২৪০০.০০
৭।	গ্রাহকের অনুরোধে মিটার/মিটারিং ইউনিট স্থাপন/ পরিবর্তন/স্থানান্তর ফি	এলটি	(১) এক ফেজ	৩৬০.০০
			(২) তিন ফেজ	৮৪০.০০
			(৩) এলটিসিটি	২৪০০.০০
		এমটি ও এইচটি		৬০০০.০০
		ইএইচটি		১২০০০.০০
৮।	গ্রাহকের অনুরোধে সার্ভিস ড্রপ ক্যাবল (সার্ভিস ক্রিমপিট/ক্ল্যাম্পসহ) মেরামত/পরিবর্তন/স্থানান্তর ফি	এলটি	(১) এক ফেজ	২৪০.০০
			(২) তিন ফেজ	৬০০.০০
		এমটি ও এইচটি		১৫০০.০০
		ইএইচটি		৩০০০.০০
৯।	গ্রাহকের অনুরোধে সরবরাহ চুক্তি সংশোধন ফি	এলটি	(১) এক ফেজ	১২০.০০
			(২) তিন ফেজ	৩৬০.০০
		এমটি, এইচটি ও ইএইচটি		১২০০.০০
১০।	গ্রাহকের অনুরোধে প্রি-পেইড মিটার কার্ড রি-ইস্যু ফি	এলটি, এমটি, এইচটি ও ইএইচটি		২৪০.০০
১১।	গ্রাহকের অনুরোধে ট্রান্সফরমারের তেল (Transformer Oil) পরীক্ষা চার্জ	এমটি, এইচটি ও ইএইচটি		১২০০.০০

	(১)	(২)	(৩)
১২।	গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে ড্রপআউট ফিউজ কাট-আউটসহ ট্রান্সফরমার ভাড়া	সর্বোচ্চ ৩০ দিন	২.৫০ কেডিএ/দিন
		৩০ দিন পর হইতে	৫.০০ কেডিএ/দিন

শর্তাবলি:

- (ক) উপরি-উক্ত সারণি-২ এ উল্লিখিত ফি/চার্জ ব্যতীত অন্য কোনো ফি/চার্জ আরোপ করা যাইবে না;
- (খ) উপরিউক্ত সারণি-২ এর ক্রমিক (৩) এবং (৪) ব্যতীত অন্য কোনো বিবিধ সেবা প্রদানের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্নকরণ বা পুনঃসংযোগ চার্জ আরোপ করা যাইবে না;
- (গ) বহুতল আবাসিক বা বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার আবাসিক গ্রাহক তাহার আবাসিক সাব-মিটার এবং বহুতল ভবন/স্থাপনার ফ্ল্যাট মালিক সমিতি উক্ত ভবন/স্থাপনার আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষার জন্য নির্ধারিত ফিসহ বিতরণ সংস্থা/কোম্পানির নিকট আবেদন করলে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানি উক্ত আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষা করবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে; এবং
- (ঘ) উপরি-উক্ত সারণি-২ এ উল্লিখিত ফি/চার্জের ওপর সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হইবে।

২। এই প্রজ্ঞাপনের কোনো বিধানের ব্যাখ্যা অথবা কোনো গ্রাহকের গ্রাহক শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হইলে উহা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করিতে হইবে এবং এইক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৩। ১২ জানুয়ারি, ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর ৯-আইন/২০২৩ এতদ্বারা রহিত করা হইল এবং রহিত প্রজ্ঞাপনের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৪। এই প্রজ্ঞাপনের অধীন পুনঃনির্ধারিত বিদ্যুতের খুচরা মূল্যহার ও অন্যান্য চার্জ/ফি বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নবীরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Bangladesh Rural Electrification Board		
Tariff Evaluation & Expectation/ Forecast		
Particulars	Figure in Million	
	Evaluation	Forecast
	2023-24 (June'24)	2024-25 (June'25)
MkWh Purchase	51982	57180
<i>% Increase</i>	<i>10%</i>	<i>10%</i>
MkWh Sales	47738	52520
<i>% Increase</i>	<i>11%</i>	<i>10%</i>
System Loss	<i>4.16%</i>	<i>8.15%</i>
Amount Billed MTK	385020	442219
<i>% Increase</i>	<i>25%</i>	<i>15%</i>
Ave. Selling Price (Tk/kwh)	8.07	8.42
Other Operating Income	10714	13281
Non-oper. Income	8920	10756
<i>Other+non-Oper. Income(/kWh)</i>	<i>0.41</i>	<i>0.46</i>
Cost of Power Purchase	329289	374521
Cost of Power (with IPP & S/L)	6.90	7.13
BST with Wheeling (Tk/kwh)	6.55	6.55
% Collection	98.21%	98.21%
Depreciation (mil Tk)	44508	47136
<i>Depreciation (Tk/kWh)</i>	<i>0.93</i>	<i>0.90</i>
O & M Expense (Tk)	40806	44588
<i>O & M Expense (Tk/kWh)</i>	<i>0.85</i>	<i>0.85</i>
Interest Exp. (Tk)	17333	21718
<i>Interest Exp. (Tk/kWh)</i>	<i>0.36</i>	<i>0.41</i>
Cost of Service (Tk)	431935	487962
<i>Cost of Service (Tk/kwh)</i>	<i>9.05</i>	<i>9.29</i>
Operating Margin (mill Tk)	-36201	-32462
<i>Operating Margin (Tk/kWh)</i>	<i>-0.76</i>	<i>-0.62</i>
Net Margin	-27281	-21706
<i>Net Margin Tk/kwh</i>	<i>(0.57)</i>	<i>(0.41)</i>
<i>No. of Profitable PBS</i>	<i>13</i>	
No. of PBS	80	80
No. of Consumer	36.00	36.00

বিদ্যুৎ আইন, ২০১৮ এর সপ্তম অধ্যায়ের অপরাধ, দণ্ড ও বিচার সম্পর্কিত বিধান সমূহ

ধারা	আপরাধের প্রকৃতি	শাস্তি ও জরিমানা
ধারা-৩২	বিদ্যুৎ চুরি	(১) কোন ব্যক্তি বাসগৃহ বা কোন স্থানে ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করিলে অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুতের মূল্যের দ্বিগুণ অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডনীয় হইবেন। (২) কোন ব্যক্তি শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করিলে অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুতের মূল্যের দ্বিগুণ অথবা ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৩৩	কৃত্রিম পদ্ধতি স্থাপন	(১) কোন ব্যক্তি অবৈধভাবে লাইসেন্সের বিদ্যুৎ সংযোগে কোন যন্ত্র, ডিভাইস বা কৃত্রিম পদ্ধতি স্থাপন বা ব্যবহার করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। (২) যদি কোন বাসগৃহে কোন যন্ত্র, ডিভাইস বা কৃত্রিম পদ্ধতি স্থাপনের মাধ্যমে অবৈধ উপায়ে লাইসেন্সের বিদ্যুৎ সংযোগ গ্রহণ, ভোগ বা ব্যবহৃত হইয়াছে বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে ভিন্নরূপ কিছু প্রমাণিত না হইলে, উক্ত চতুরের দখলদার উপ-ধারা (১) এর অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।
ধারা-৩৪	বিদ্যুৎ অপচয়	কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে বিদ্যুৎ অপচয় করিলে বা বিদ্যুতের সরবরাহ ঘুরাইয়া দিলে অথবা বিদ্যুৎ সরবরাহ বন্ধ করিবার উদ্দেশ্যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্ম কাটিয়া দিলে বা ক্ষতিগ্রস্ত করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূন ১ (এক) বৎসর এবং অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড বা ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৩৫	বৈবিদ্যুতিক যন্ত্রপাতি চুরি, অপসারণ বা বিনষ্ট	কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে বিদ্যুৎ কেন্দ্র বা উপকেন্দ্র বা স্থাপনার কোন বৈবিদ্যুতিক যন্ত্রপাতি অথবা বিদ্যুৎ লাইন সামগ্রী, যেমন-পোল, টাওয়ারের অংশ বিশেষ, কন্ডাক্টর, ট্রান্সফরমার, বৈবিদ্যুতিক তার, ইত্যাদি চুরি, অপসারণ, বিনষ্ট বা ইচ্ছাকৃতভাবে ক্ষতিসাধন করিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনূন ২ (দুই) বৎসর এবং অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড এবং অনূন ৫০ (পঞ্চাশ) হাজার এবং অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৩৬	চুরিকৃত মালামাল দখলে রাখা	কোন ব্যক্তি ধারা ৩৫ এ উল্লিখিত যন্ত্রপাতি বা বিদ্যুৎ লাইন সামগ্রী চুরি হইয়াছে বলিয়া বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকা সত্ত্বেও উক্ত চুরিকৃত মালামাল নিজ দখলে রাখিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডনীয় হইবেন।
ধারা-৩৭	অবৈধ, ত্রুটিযুক্ত বিদ্যুৎ সরবরাহ	কোন লাইসেন্স- (ক) ধারা ২৬ এর বিধান সাপেক্ষে, সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ করিলে বা কোন বিদ্যুৎ লাইন বা পূর্তকর্ম স্থাপন করিলে; (খ) এই আইন বা বিধির কোন বিধান লঙ্ঘন করিলে বা যুক্তিসঙ্গত কারণ ব্যতীত বিদ্যুৎ সরবরাহ বন্ধ করিলে; অথবা (গ) ত্রুটিযুক্ত বিদ্যুৎ লাইন স্থাপন করিলে; উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য উক্ত লাইসেন্সি অথবা অপরাধ সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণ অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

ধারা	আপরাধের প্রকৃতি	শাস্তি ও জরিমানা
ধারা-৩৮	মিটার, পূর্তকর্মে প্রতিবন্ধকতা সৃষ্টি এবং বিদ্যুতের অননুমোদিত ব্যবহার	কোন ব্যক্তি- (ক) লাইসেন্সের লিখিত অনুমতি ব্যতীত বিদ্যুৎ সরবরাহ লাইনের সহিত মিটার সংযোগ স্থাপন করিলে বা বিচ্ছিন্ন করিলে অথবা অন্য কোন স্থাপনার সহিত যোগাযোগ রক্ষার্থে কোন যন্ত্র স্থাপন করিলে; (খ) লাইসেন্সের লিখিত অনুমতি ব্যতীত মিটার হইতে অন্য কোন ব্যক্তিকে পার্শ্ব সংযোগ প্রদান করিলে; (গ) মিটারের ক্ষতিসাধন করিলে অথবা ইচ্ছাকৃতভাবে বা প্রতারণামূলকভাবে মিটারের ইনডেক্স পরিবর্তন করিলে অথবা উহাদের যথাযথ রেজিস্টারে বাধার সৃষ্টি করিলে; অথবা (ঘ) লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের উচ্চতর হার পদ্ধতির পরিবর্তে নিম্নতম হার পদ্ধতিতে বিদ্যুৎ ব্যবহার করিলে বা কোন যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ কাজে বিঘ্ন সৃষ্টি করিলে; উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ৩ (তিন) বৎসর কারাদন্ড অথবা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৩৯	বিদ্যুৎ স্থাপনা অনিষ্ট	(১) কোন ব্যক্তি বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ উপকেন্দ্র, বিদ্যুৎ লাইন, খুঁটি বা অন্যবিধ যন্ত্রপাতি নাশকতার মাধ্যমে ভাঙ্গিয়া ফেলিলে বা ক্ষতিগ্রস্ত করিলে বা বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্ত করিবার উদ্দেশ্যে বিদ্যুৎ সরবরাহ লাইন বা যন্ত্রের উপর কোন বস্তু নিক্ষেপ করিলে বা রাখিলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অন্যান্য ৭(সাত) বৎসর এবং অনধিক ১০(দশ) বৎসর কারাদন্ড অথবা অনধিক ১০(দশ) কোটি টাকা অর্থদন্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। (২) কোন ব্যক্তি লাইসেন্সের অনুমতি ব্যতিরেকে বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ উপকেন্দ্র, বিদ্যুৎ লাইন, খুঁটি বা অন্যবিধ যন্ত্রপাতি ব্যবহার করিলে অবহেলাবশত ভাঙ্গিয়া ফেলিলে বা ক্ষতিগ্রস্ত করিলে বা বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্ত করিবার উদ্দেশ্যে বিদ্যুৎ সরবরাহ লাইন বা যন্ত্রের উপর কোন বস্তু নিক্ষেপ করিলে বা রাখিলে তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদন্ড অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দণ্ডনীয় হইবেন।
ধারা-৪০-	অন্যান্য অপরাধ	কোন ব্যক্তি যদি এই আইনে সুনির্দিষ্টভাবে দন্ডের বিধান উল্লেখ নাই এইরূপ কোন বিধান অথবা বিধির কোন বিধান লঙ্ঘন করেন তাহা হইলে তিনি অনধিক ৬(ছয়) মাস কারাদন্ড অথবা অনধিক ১০(দশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দণ্ডনীয় হইবেন।
ধারা-৪১	অপরাধ সংঘটনে সহায়তা	কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সহায়তা, ষড়যন্ত্র বা প্ররোচনা করিলে এবং উক্ত সহায়তা, ষড়যন্ত্র বা প্ররোচনার ফলে অপরাধটি সংঘটিত হইলে, উক্ত সহায়তাকারী, ষড়যন্ত্রকারী বা প্ররোচনাদানকারী তাহার সহায়তা, ষড়যন্ত্র বা প্ররোচনা দ্বারা সংঘটিত অপরাধের জন্য নির্দিষ্টকৃত দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৪২	অপরাধ সংশ্লিষ্ট বস্তু বাজেয়াপ্ত	এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনে ব্যবহৃত যে কোন যন্ত্র, বস্তু বা উপকরণ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।
ধারা-৪৩	বিদ্যুৎ কর্মচারীদের অপরাধ	বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন বা বিতরণ কাজে নিয়োজিত কোন সরকারি অথবা বেসরকারি কোন সংস্থা, কোম্পানি বা প্রতিষ্ঠানের কোন কর্মচারী এই আইনে বর্ণিত কোন অপরাধ করেন বা অপরাধ সংঘটনের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকেন বা অপরাধ সংঘটনে সহায়তা, ষড়যন্ত্র বা প্ররোচনা প্রদান করেন, তাহা হইলে তিনি উক্ত অপরাধের জন্য নির্দিষ্টকৃত দণ্ডনীয় হইবেন। ব্যাখ্যা। এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন বা বিতরণ কাজে নিয়োজিত কোন সরকারি অথবা বেসরকারি কোন সংস্থা, কোম্পানি বা প্রতিষ্ঠানের কর্মচারী এই আইনের

ধারা	আপরাধের প্রকৃতি	শাস্তি ও জরিমানা
		অধীন কোন অপরাধ সংঘটনের ঘটনা অবহিত হইয়াও যদি তিনি যুক্তি সংগত সময়ের মধ্যে উক্ত অপরাধ প্রতিরোধের কোন ব্যবস্থা গ্রহণ না করেন, যাহা প্রতিরোধ করা তাহার দায়িত্ব অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করেন, তাহা হইলে তিনি অপরাধ সংঘটনে সহায়তা প্রদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।
ধারা-৪৪	একই অপরাধ পুনরায় সংঘটন	কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অপরাধের জন্য দণ্ডিত হইবার পর পুনরায় একই অপরাধ সংঘটন করিলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের দ্বিগুণ দণ্ডে দণ্ডনীয় হইবেন।
ধারা-৪৫	দন্ডদেশ অন্য দায়কে হ্রাস করিবে না	এই আইনের অধীন আরোপিত অর্থাৎ দণ্ড ক্ষতিপূরণ প্রদানের অতিরিক্ত হইবে এবং ইহা দণ্ডিত ব্যক্তির ক্ষতিপূরণ প্রদানের দায়কে হ্রাস করিবে না।
ধারা-৪৬	তল্লাশি	(১) এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে লাইসেন্সের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য সহকারী প্রকৌশলী, সহকারী জেনারেল ম্যানেজার বা সমপদমর্যাদার কোন কর্মচারী নিম্নবর্ণিত যে কোন কাজ করিতে পারিবেন, যথা :- (ক) যদি তাহার বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকে যে, কোন জায়গা বা অঙ্গনে অননুমোদিত বিদ্যুৎ ব্যবহার হইতেছে, তাহা হইলে উক্ত জায়গায় বা অঙ্গনে প্রবেশ, উহার দরজা ভাঙ্গিয়া প্রবেশ এবং তল্লাশি করিতে পারিবেন; এবং (খ) উক্তরূপ অননুমোদিত বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতি, ক্যাবল বা অন্য কোন যন্ত্র জব্দ বা অপসারণ করিতে এবং সংশ্লিষ্ট কোন হিসাব বহি বা দলিল পরীক্ষা বা জব্দ করিতে পারিবেন। (২) উপ-ধারা (১) এর অধীন যে জায়গা তল্লাশি করা হইতেছে উহার মালিক বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে উক্তরূপ তল্লাশি সম্পন্ন করিতে হইবে এবং জব্দকৃত জিনিসের একটি তালিকা প্রস্তুত করিয়া উক্ত ব্যক্তির এবং কমপক্ষে দুইজন নিরপেক্ষ ব্যক্তির স্বাক্ষর গ্রহণ করিতে হইবে। (৩) তল্লাশি বা জব্দ করণের ক্ষেত্রে, যতদূর সম্ভব, ফৌজদারি কার্যবিধির বিধানাবলি প্রযোজ্য হইবে।
ধারা-৪৭	মামলা দায়ের	আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন আদালত লাইসেন্সের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত সহকারী প্রকৌশলী, সহকারী জেনারেল ম্যানেজার বা সমপদমর্যাদার কর্মচারী কর্তৃক দায়েরকৃত অভিযোগ ব্যতীত এই আইনের অধীন কোন অভিযোগ আমলে গ্রহণ করিবে না।
ধারা-৪৮	কতিপয় মামলা দায়েরের ক্ষেত্রে করণীয়	(১) এই আইনের অন্য কোন বিধানকে ক্ষুণ্ণ না করিয়া, কোন ব্যক্তি বা গ্রাহক কর্তৃক বিদ্যুৎ চুরির ঘটনা অবগত হইবার পর লাইসেন্সি তাৎক্ষণিকভাবে তাহার বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করিবে এবং বিদ্যুৎ বিচ্ছিন্ন করিবার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে অধিক্ষেত্র সম্পন্ন আদালতে লিখিতভাবে অভিযোগ করিবে : তবে শর্ত থাকে যে, গ্রাহক অথবা অভিযুক্ত ব্যক্তি চুরিকৃত বিদ্যুতের মূল্যের ৩ (তিন) গুণ অর্থ, প্রযোজ্য ক্ষেত্রে, লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত মিটারের মূল্য, বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ ফি এবং প্রযোজ্য অন্যান্য ফি, যদি থাকে, পরিশোধ করেন এবং লাইসেন্সের নিকট উপযুক্ত বলিয়া বিবেচিত হইলে, মামলা দায়ের হইতে বিরত থাকিতে পারিবে এবং অর্থ পরিশোধের ৪৮ (আটচল্লিশ) ঘণ্টার মধ্যে বিদ্যুতের সংযোগ প্রদান করিতে পারিবে: আরো শর্ত থাকে যে, এই বিধান অভিযুক্ত ব্যক্তি বা গ্রাহকের শুধুমাত্র প্রথমবার অপরাধের ক্ষেত্রে বিবেচনাযোগ্য হইবে।

ধারা	আপরাধের প্রকৃতি	শাস্তি ও জরিমানা
		(২) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারী ব্যক্তি এই আইনের অধীন তাহার বিরুদ্ধে গৃহীত কোন কার্যক্রম সম্পর্কে কোন দেওয়ানি বা ফৌজদারি আদালতে মামলা দায়ের করিতে পারিবে না।
ধারা-৪৯	বিচার, ইত্যাদি	(১) এই আইনের অধীন সংঘটিত অপরাধের বিচারের ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধির বিধানাবলি প্রযোজ্য হইবে। (২) ফৌজদারি কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন- (ক) এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে; (খ) প্রথম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনে বর্ণিত যে কোন অর্থদণ্ড আরোপ করিতে পারিবে।
ধারা-৫০	অপরাধের আমলযোগ্যতা, জামিনযোগ্যতা ও আপোষযোগ্যতা, ইত্যাদি	ফৌজদারি কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৩৩, ৩৫, ৩৮ এবং ৩৯ এর অধীন সংঘটিত অপরাধসমূহ আমলযোগ্য, অ-জামিনযোগ্য এবং অ-আপোষযোগ্য হইবে এবং ধারা ৩২, ৩৪, ৩৬, ৩৭ এবং ৪০ এর অধীন সংঘটিত অপরাধসমূহ আমলযোগ্য, জামিনযোগ্য এবং আপোষযোগ্য হইবে।
ধারা-৫১	মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর প্রয়োগ	আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে, উক্ত আইনের তফসিলভুক্ত হওয়া সাপেক্ষে, মোবাইল কোর্ট দণ্ড আরোপ করিতে পারিবে।
ধারা-৫২	কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটন	(১) কোন কোম্পানি কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে, উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে উক্ত কোম্পানির এইরূপ মালিক, পরিচালক, নির্বাহী কর্মকর্তা, ব্যবস্থাপক, সচিব, অন্য কোন কর্মচারী উক্ত অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে এবং উহা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন। (২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানি আইনগত সত্ত্বা হইলে, উক্ত উপ-ধারায় উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানিকে পৃথকভাবে এই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে উহার উপর সংশ্লিষ্ট বিধান অনুসারে শুধু অর্থদণ্ড আরোপ করা যাইবে। ব্যাখ্যা। এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে “কোম্পানি” অর্থে নিগমিত বা নিবন্ধিত হউক বা না হউক এইরূপ যে কোন কোম্পানি, সংস্থা, প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি বা একাধিক ব্যক্তি সমন্বয়ে গঠিত সংগঠন বা সংস্থা এবং সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা সরকারের সম্পূর্ণ বা আংশিক মালিকানাধীন কোন কোম্পানিও ইহার অন্তর্ভুক্ত হইবে।